

নির্দেশাবলী

- ১) আবেদনকারীর জয়িতা ফাউন্ডেশনের উদ্যোক্তা নিবন্ধন সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি, সদ্য তোলা ২ কপি ছবি (পাসপোর্ট-১ স্ট্যাম্প-১) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
- ২) আগামী ২২/০৯/২০২৬ তারিখের মধ্যে আবেদন ফরম পূরণ করে হার্ডকপি ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন বরাবর জমা দিতে হবে;
- ৩) বাছাইকৃত আবেদনপত্রের মধ্য হতে লটারীর মাধ্যমে মেলায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে;
- ৪) বরাদ্দপ্রাপ্ত উদ্যোক্তাগণকে ২ কার্যদিবসের মধ্যে মেলায় অংশগ্রহণ ফি বাবদ ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা জমা দিতে হবে;
- ৫) আবেদন পত্রের সাথে পণ্যের ছবি/পোর্টফোলিও জমা দিতে হবে;
- ৬) চূড়ান্ত স্টল বরাদ্দ প্রাপ্ত নারী উদ্যোক্তাগণকে তাদের পণ্যের নমুনা (Sample) কর্তৃপক্ষকে প্রদর্শন করবে;
- ৭) মেলায় প্রদর্শন/বিক্রয়ের ক্ষেত্রে পণ্যের গায়ে অবশ্যই উদ্যোক্তার নিজস্ব প্রতিষ্ঠানের লেবেল ও ট্যাগ থাকতে হবে;
- ৮) মেলায় নিজস্ব উৎপাদিত ও প্রক্রিয়াজাত পণ্য বিপণন করতে হবে এবং প্রদর্শিত পণ্য মানসম্মত হতে হবে; পণ্যের গুণগত মান ঠিক নেই অথবা সরাসরি বাজার থেকে কেনা বা নিম্নমানের পণ্য বিক্রয় করলে জয়িতা ফাউন্ডেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়া স্টল বাতিল করার অধিকার সংরক্ষণ করে;
- ৯) জয়িতা ফাউন্ডেশন ১টি টেবিল ও ২টি চেয়ার ব্যবহারের জন্য সরবরাহ করবে। এছাড়া মেলা চলাকালীন অন্যান্য সেলফ/আলনা অনুমোদন সাপেক্ষে উদ্যোক্তাগণ নিজস্ব ব্যবস্থাপনায় সংগ্রহ করতে পারবে;
- ১০) মেলায় স্ব স্ব স্টলের উদ্যোক্তা ব্যতীত অন্য কোন বিক্রয়কর্মী/প্রতিনিধি থাকলে তার জীবন বৃত্তান্ত এবং সাথে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন ও ১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করে আবেদন পত্রের সাথে জমা দিতে হবে;
- ১১) মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ পণ্য বিপণন ও প্রদর্শনের জন্য বিক্রয় প্রতিনিধি মনোনয়ন ও তাদের খরচাদি উদ্যোক্তাগণ নিজ ব্যবস্থাপনায় সম্পন্ন করবেন;
- ১২) মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তাদের নিজ ব্যবস্থাপনায় মালামাল পরিবহন করতে হবে;
- ১৩) স্ব স্ব স্টলের মালামাল নিজ ব্যবস্থাপনায় প্রদর্শন, রক্ষণাবেক্ষণ ও নিজ দায়িত্বে গুছিয়ে রাখতে হবে;
- ১৪) উল্লিখিত শর্তসমূহের কোন ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষ বরাদ্দকৃত স্পেস/স্টল কোনরূপ নোটিশ প্রদান ব্যতিরেকে বাতিল করতে পারবে।